# যৌথ মিডিয়া বিজ্ঞপ্তি

## সামিট গ্রুপের চেয়ারম্যান মুহম্মদ আজিজ খান আইসিডিডিআর,বি হাসপাতাল এনডাউমেন্ট ফান্ডে এক মিলিয়ন মার্কিন ডলার অনুদানের অঙ্গীকার করেছেন

ব্যাক্তিখাতে আইসিডিডিআর,বি হাসপাতালে প্রাপ্ত এটাই হলো সর্বাধিক অনুদান।




**ছবি ক্যাপশন:** ডঃ তাহমিদ আহমেদ, আইসিডিডিআর,বি-এর নির্বাহী পরিচালক সামিট গ্রুপের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান, তাঁর স্ত্রী আঞ্জুমান আজিজ খান ও কন্যা আজিজা আজিজ খান এসিসিএ- দের জানালেন, বর্তমানে আইসিডিডিআর,বি হাসপাতাল ১৯৬০- দশকের সূচনা থেকে আজ অবধি সর্বোচ্চ রোগীর চিকিৎসা প্রদান করছে।

**ঢাকা, বাংলাদেশ, ২৭ মার্চ ২০২২:** সম্প্রতি একটি পরিদর্শনে, সামিট গ্রুপের চেয়ারম্যান মুহম্মদ আজিজ খান, তাঁর স্ত্রী আঞ্জুমান আজিজ খান ও কন্যা আজিজা আজিজ খান এসিসিএ, সামিট গ্রুপের পরিচালকগণ, আইসিডিডিআর,বি হাসপাতালে বিপুল সংখ্যক রোগীর দেখে উদ্বিগ্ন হন। আইসিডিডিআর,বি-এর নির্বাহী পরিচালক ডঃ তাহমিদ আহমেদ ব্যাখ্যা করেন যে ১৯৬০-দশকের হাসপাতাল সূচনা হওয়ার পরে বর্তমানে রেকর্ড- সংখ্যক রোগীকে বিনামূল্যে চিকিৎসা প্রদান করছে আইসিডিডিআর,বি হাসপাতাল। চলমান বৈশ্বিক আর্থিক অস্থিরতা তহবিলের উপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে, তার বিবেচনায় আইসিডিডিআর,বি পরিচালিত দুটি হাসপাতাল টেকসই করা জরুরি।

এর প্রেক্ষিতে, মুহাম্মদ আজিজ খান সদয় হয়ে সামিট কর্পোরেশন থেকে পাঁচ লক্ষ মার্কিন ডলার এবং তার সমপরিমাণ তহবিল তাঁর স্ত্রীর সাথে যৌথভাবে 'আঞ্জুমান এবং আজিজ চ্যারিটেবল ট্রাস্ট' থেকে -- মোট এক মিলিয়ন মার্কিন ডলার আইসিডিডিআর,বি হাসপাতালের এনডাউমেন্ট ফান্ডে অনুদানের প্রতিশ্রুতি দেন। আইসিডিডিআর,বি-তে এটি যাবতকালের সর্ববৃহৎ ব্যক্তিগত অনুদানের অঙ্গীকার।

মুহাম্মদ আজিজ খান বলেন, "আমি ও আমার পরিবারের জন্য আইসিডিডিআর,বি-এর এই মানবিক কাজে সহায়তা করার সুযোগ, অতি সম্মানের। আমরা বিনীত সেইসব গবেষণার সহযোগী হতে পেরে, যার মাধ্যমে লক্ষ-কোটি শিশুদের জীবন বাঁচানো সম্ভব হয়েছে। ড: তাহমিদ আহমেদ, ড : ফেরদৌসী কাদরী এবং অনন্যারা, বাংলাদেশকে গৌরবান্বিত করেছে। আমরা বাংলাদেশের স্বাধীনতা উদযাপনে এই বিশ্বসেরা গবেষণা প্রতিষ্ঠানকে সমর্থন করছি।"

ডঃ আহমেদ মুহম্মদ আজিজ খান ও তাঁর স্ত্রীসহ সামিট কর্পোরেশনের অঙ্গীকারের প্রশংসা এবং কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, "মুহম্মদ আজিজ খান ও তাঁর স্ত্রী আঞ্জুমান আজিজ খানের এক মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি আমাদের মুগ্ধ করেছে, যা আমাদের লক্ষ্য অর্জনে উৎসাহ যোগাবে। আমরা সামিট কর্পোরেশন এবং জনাব ও বেগম আজিজ খানের কাছে বিশেষভাবে বাধিত। আমরা হাসপাতাল

এনডাউমেন্ট ফান্ড বাড়াতে নিজেদের জন্য একটি লক্ষ্য নির্ধারণ করেছি, যাতে এটি থেকে উপার্জন দিয়ে  আমাদের হাসপাতালের কার্যক্রম চালিয়ে যাওয়াকে টেকসই করা যায়। আমি আশা করি, আরো বাংলাদেশী ব্যবসায়ী নেতারা এই লক্ষ্যে সহানুভূতিশীল হবেন।”

**আইসিডিডিআর,বি সম্পর্কে:** আইসিডিডিআর,বি একটি আন্তর্জাতিক জনস্বাস্থ্য গবেষণা প্রতিষ্ঠান যা ঢাকা এবং মতলব, চাঁদপুরে অবস্থিত দুটি হাসপাতালে বার্ষিক ২ ,০০,০০০ জনেরও বেশি মানুষকে বিনামূল্যে সেবা প্রদান করে। আইসিডিডিআর,বি এই অত্যাবশ্যক পরিষেবা প্রদানের জন্য সম্পূর্ণভাবে অনুদানের উপর নির্ভর করে।